# প্রতিদিনের ৩৩৩ বাক্যের ইংরেজি

## The English Car – ইংরেজি শেখার গাড়ি

“The most important 1000 Words’ ৯৯ টাকার এই বইটি এখন ১০০% **Free Download** করে নিয়ে এই ওয়েব সাইট থেকেই।

https://teccareertalks.com/

**এই ৫টি ভিডিও দেখার পরে ইংরেজি শেখা হয়ে যাবে পানির মতো সোজা।**

১) ৩টি উপায় জানলে, পড়ালেখা ছাড়াও ইংরেজি বলা যাবে : https://youtu.be/fLBoE3kKizI

২) মুখস্থ না করে, হাজার হাজার শব্দ রাখুন মনে: https://youtu.be/5yRs7d3y9VI

৩) The most important 1000 words : https://youtu.be/m9eJHJoLl1E

৪) ১ ভিডিওতে পুরো Tense, সব চিন্তা হলো শেষ: https://youtu.be/VnEjqgyNUv0

৫) Spoken English শেখার উপায় ১টাই : https://youtu.be/ixmbyuC7KHk

১) প্রতিদিনের ইংরেজি।
Daily English.

২) প্রতিদিনের দরকারি ইংরেজি।
Daily essential English.

৩) প্রতিদিনের ব্যবহারের দরকারি ৫০০ ইংরেজি বাক্য।
555 (Part 1 - 333) English sentences for daily usage.

৪) সারা বছর এই ৫০০ ইংরেজি দিয়ে বেশ চলা যায়।
One can continue speaking in English with
these 500 sentences easily throughout the year.

৫) প্রতিদিন আমরা কী করি?
What do we do every day?

৬) কিছু কাজ আছে সবাই করে।

There are some common works/activities.

৭) যেমন ঘুমানো, ঘুম থেকে জাগা,
পরিষ্কার পরিচ্ছন্ন হওয়া, খাওয়া,
হাঁটাহাঁটি করা ইত্যাদি।
Like sleeping, waking up, self cleaning,
taking foods , walking etc.

৮) আবার কিছু কাজ আছে যা ভিন্ন ভিন্ন।
There are some tasks which are different from person to person.

৯) যেমন কেউ পড়াশুনা করে।
Some do study.

১০) কেউ চাকরি করে।
Some do jobs.

১১) কেউ ব্যবসা করে।
Some do business.

১২) সে কারণে কিছু আছে কমন ইংরেজি, কিছু আছে বিজনেস ইংরেজি।
That’s why there is general English,
there is professional English.

১৩) আমরা এখানে ৫০০ ইংরেজি বাক্য শেয়ার করবো।
We will share here 500(P1 - 333)
English sentences for daily usage.

১৪) এখানে জেনারেল এবং প্রফেশনাল দুটোর সংমিশ্রণ থাকবে।
Here you will find both general and
professional/business English.

১৫) ছাত্র, শিক্ষক, গৃহবধু, চাকরিজীবীসহ সবার কাজে লাগবে।
Students, teachers, home-makers, service holders etc
all will be benefited from this video.

১৬) পড়াশুনা, চাকরি, ভ্রমণ, ক্যারিয়ার, হোটেল রেস্টোরেন্ট,
বিদেশে চাকরি, ব্যবসা-বাণিজ্য, দেশ, বিদেশ, সাধারণ জ্ঞান,
চাকরির পরীক্ষাসহ নানা ক্ষেত্রের
নানা দরকারি ইংরেজিগুলো থাকবে।

Useful and essential English regarding study,
jobs, travel, career, hotel-restaurant, free-lancing,
overseas jobs, general knowledge, job exm,

job interview, motivation, everything will be here.

১৭) মুখস্থ করে মনে রাখা যায় না।
You can't keep everything within
your mind by memorizing.

১৮)  তাহলে শেখার উপায় কী?
Then what is the way of learning?

১৯) তা হলো অবিরাম চর্চা করে যাওয়া।
That is practicing regularly.

২০) প্রতিদিন আমরা ঘুমাই আবার ঘুম থেকে উঠি।
Every day we fall in sleep and we wake up again.

২১) প্রতিদিন আমরা খাই এবং আমরা কাজ করি।
Everyday we take foods and we do our works.

২২) এগুলোকে অভ্যাস বলে।
These are called habit.

২৩) ইংরেজি বলাটাও একটা অভ্যাস।
Speaking in English is also a habit.

২৪) এটাকে অভ্যাস পরিণত না করলে
ভালোভাবে ইংরেজি বলা যাবে না।
You can speak English uninterruptedly
without turning it into your habit.

২৫) তাহলে ইংরেজি বলা
অভ্যাসে পরিণত করবো কীভাবে?
How will we turn speaking English as our habit?

২৬) উপায় একটাই।
There is only ONE  way.

২৭) তা হলো নিয়মিত বলে যাওয়া।
That is speaking regularly.

২৮) প্রতিদিন আমাদের কী ধরনের ইংরেজি লাগে?
Why types of English do we need daily?

২৯) তা নির্ভর করে আপনি করেন তার উপর।
That depends upon one's needs.

৩০) একজন ছাত্রের যে ইংরেজি দরকার,
একজন চাকরিজীবীর ইংরেজিটা
তার চেয়ে একটু আলাদা হবে।
Like the needs of job holder's English
will be different than one who is a student.

৩১) প্রতিদিন আমরা যেসব যোগাযোগ করি,
সেই ইংরেজিগুলো আগে শিখতে হবে।
We have to learn those English at first,
which we do use at our
daily communication and daily conversation.

৩২) আপনি কখন ঘুম থেকে উঠেন?
When do you wake up from sleep normally?

৩৩) আজ উঠতে একটু দেরি হয়েছে।
I have walked up today a little bit late.

৩৪) শরীরটা বেশ ভালো লাগছে।
Feeling very well.

৩৫) শরীরটা খুব একটা ভালো লাগছে না।
Not feeling good today.

৩৬) হাতে অনেক কাজ।
I have lot of works at hand.

৩৭) আজকে কি আসতে পারবে?
Can you please come today?

৩৮) নিশ্চয়।
Certainly.

৩৯) না, আজকে আসতে পারবো না।
Sorry, can't come today.

৪০) কেন আসতে পারবে না?
Any reasons?

৪১) আজকে একটা ইন্টারভিউ আছে।
I have an interview today.

৪২) আজকে একটা বিজনেস ডিল আছে।
I have a business deal today.

৪৩) আজকে হাসপাতালে মামাকে দেখতে যেতে হবে।
I have to visit my uncle today.

৪৪) আজকে ডাক্তার দেখাতে যেতে হবে।
I have to visit doctor today.

৪৫) তাহলে কবে আসবে?
Then, when are you coming?

৪৬) আশা করছি, আগামী সপ্তাহের সোমবার সকালে।
By Monday morning, next week; hopefully.

৪৭) তুমি আছো কেমন তা বলো?
Then tell me how you are?

৪৮) ধন্যবাদ। আলহামদুলিল্লাহ ভালো আছি।
Thank you. Alhamdulillah, doing well.

৪৯) আপনি কেমন আছেন?
Then how are you?

৫০) আলহামদুলিল্লা, আমিও ভালো আছি।
Alhamdulillah, I am also doing well.

৫১) আছি, কোন রকম আছি।
I am so so.

৫২) নানা রকম ঝামেলায় আছি।
I am on thin ice.

৫৩) পরিবারের খবর কী?
What's about your family?

৫৪) তারা কেমন আছে?
How are they doing?

৫৫) তোমার চাকরি বাকরি কেমন চলছে?
What's about your job?

৫৬) ব্যবসা বাণিজ্য কেমন চলছে?
How is your business running?

৫৭) তা চলছে ভালোই।

Running fine.

৫৮)  খরচ বাড়তেছে।
Expenditure is increasing.

৫৯) আয় অতটা বাড়ছে না।
Income is not increasing in same pace.

৬০)  দেশের প্রায় অর্ধেক হলো তরুণ প্রজন্ম।
Young generation caries the half of the population.

৬১) দেশের বেকার সমস্যা একটা বড় চ্যালেঞ্জ।
Unemployment is a big challenge for our country.

৬২)  একটা বড় অংশ বিদেশে চলে যাচ্ছে।
A large part of the young are leaving country.

৬৩) কেউ কেউ কাজের জন্য যাচ্ছে।
Some of them are going for work to earn money.

৬৪) প্রবাসীদের পাঠানো টাকাই আমাদের অর্থনীতির চালিকাশক্তি।
Remittance has become the backbone of our economy.

৬৫) প্রতি বছর ২৫ লাখ ছেলেমেয়ে কর্মবাজারে ঢুকছে।
Around 2.5 million young enters into job market in every year.

৬৬) আমাদের তরুণরা বেশিরভাগ সরকারি চাকরি পছন্দ করে।
Our young generation prefers mostly government job.

৬৭) এত সরকারি চাকরি তো দেয়া সম্ভব নয়।
It is not possible to provide government jobs for all.

৬৮) প্রতি বছর বাচ্চাও হচ্ছে ২৫-৩০ লাখ।
Around 2.5-3 million new born babies
are adding to total population every year.

৬৯)  দেশ ছোট, মানুষ বেশি।
Population density is high.
Too many people considering small area of the country.

৭০)  এখন কিছু কিছু ছেলেমেয়েরা তরুণ উদ্যোক্তা হওয়ার চেষ্টা করছে।
Some are trying to be young entrepreneurs.

৭১) অনেকে ফ্রিল্যান্সার হিসাবেও কাজ করছে।

Some are working as freelancers.

৭২) ফ্রি-ল্যান্সিং বাংলাদেশ জনপ্রিয় হচ্ছে।
Freelancing is becoming popular
especially among young generation.

৭৩) বেসরকারিখাতও অনেক বড় হচ্ছে।
Private sector is growing faster.

৭৪) চাকরির বাজারের প্রায় ৯৭% ই
এখন প্রাইভেট সেক্টর থেকে আসে।
Private sectors are providing jobs
around 97% of the total job market.

৭৫) তোমার পছন্দ কোনটা?
Which one you prefer?

৭৬) আসলে আমি চাকরির চেয়ে ব্যবসা পছন্দ করছি।
Actually I prefer business than job.

৭৭) প্রথমে গার্মেন্টস এর সাপ্লাইয়ের কাজ করতে চাই।
At first like to start supplying goods
to garment industries.

৭৮) তারপরে একদিন বড় গার্মেন্টস দিতে চাই।
Then like to start garments in full fledge.

৭৯) বাংলাদেশের গার্মেন্টস এখন বিশ্বখ্যাত।
Garments of Bangladesh is now famous
in all over the world.

৮০) প্রায় ৪০ লাখ লোক এখানে কাজ করে।
Around 4 million workers work here.

৮১) তুমি কি কখনো বিদেশে গিয়েছো?
Have you ever gone to abroad?

৮২) আমি ৫টি দেশ ঘুরেছি।
I have visited 5 countries.

৮৩) দেশের মধ্যে এখন অনেক মানুষ ভ্রমণ করছে।
Internal tourism is becoming popular in Bangladesh.

৮৪) অনেক দারুণ দারুণ জায়গা আছে ভ্রমণ করার।

There are many tourist spots in our country.

৮৫) কক্সবাজার বিশ্বের দীর্ঘতম সমুদ্র সৈকত।
Cox’sBazar sea-beach is the largest in the world.

৮৬) বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন হচ্ছে সুন্দরবন।
Sundarban is the largest mangrove jungle in the world.

৮৭) তুমি কি কখনো রয়েন বেঙ্গল টাইগার দেখেছো?
Have you ever seen a tiger?

৮৮) হ্যাঁ, দেখেছি।
I have seen.
৮৯) কোথায় দেখেছো? সুন্দরবনে নাকি চিড়িয়াখানায়?
Where have you seen it?
Is it in Sundarban or in zoo?

৯০) চিড়িয়াখানায় দেখেছি।
I have seen in the national zoo.

৯১) এই চিড়িয়াখানা কোথায়?
Where is the national zoo?

৯২) এটা ঢাকায়।
This is in Dhaka.

৯৩) ঢাকা বাংলাদেশের রাজধানী।
Dhaka is the capital of Bangladesh.

৯৪) এটি বুড়িগঙ্গ নদির তীরে অবস্থিত।
It stands on the river Buriganga.

৯৫) আরও অনেক ঘুরার জায়গা আছে।
There are other places to travel.

৯৬) চট্টগ্রাম, সিলেট, খুলনা, রাজশাহী, বরিশাল, রংপুর,
ময়মনসিংগ বিভাগে অনেক দর্শনীয় স্থান আছে।
There are so many tourist places in Chattagram,
Sylhet, Khulna, Rajshahi, Barisal,
Rangpur, Mymensingh divisions.

৯৭) পর্যটন থেকে আমরা অনেক আয় করতে পারি।
We can earl a lot from tourism.

৯৮) সমস্যা হলো আমাদের এখানে
বেশিরভাগ মানুষ ইংরেজি জানে না।
One of the major challenges is that
most people can't speak English.

৯৮) এমনকি যারা লেখাপড়া করেছে তারাও তেমন জানে না।
Even who are educated,
a large part of them can't speak English.

৯৯) সেজন্য ভালো চাকরিগুলো আমরা অনেক সময় পাই না।
In many cases, we don't get
the lucrative jobs
due to our lacking in English.

১০০) এখন চাকরি আর ব্যবসা – দুই জায়গাতেই ইংরেজি জানা চাই।
English is a must or has become essential
almost for all – both in jobs and business.

**১০১ যাওয়ার পূর্বে প্রায় ১০ লাখ শেয়ার হওয়া আমার এই লেখাটি পড়ুন এবং আপনিও কিছু করুন।**

**বেতন কত?**

খাজা নিজাম উদ্দিন

সিএনজিতে যাচ্ছি। গুলশান-১ চেকপোস্টে থামালো। পুলিশ আমার ব্যাগ ৩ বার চেক করলো। আমি শুধু তাকিয়ে দেখছি। মেডিটেশন করা মানুষ। সহজে রাগি না।

সিনিয়র যে ছিলেন, তাকে ডাকলাম। বললাম, ভাই, উনি কি সুস্থ আছেন? এক ব্যাগ ৩ বার চেক করছেন! যাই হোক, উনি পরিচয় জানতে চাইলেন। পরিচয় দেয়ার পরে কয়েকবার সরি বললেন।
বললেন, "আপনি কোন ব্যাচ? আমার ছোটোভাই ৯x ব্যাচ।" বুঝলাম আমার ৫ ব্যাচ ছোটো।
"আমার ভাই রোডস অ্যান্ড হাইওয়েতে আছে। ৩ কোটি টাকা দিয়ে আমাদের গ্রামের বাড়িতে বাড়ি করতেছে!"
আমি বললাম, আপনার ভাইয়ের বেতন কত?
গর্বে ভরা চেহারাটা মুহূর্তে ছাই হয়ে গেলো।

আমরা নাগরিকরা 'সবাই খারাপ, আমি ভালো' এক সিন্ড্রোমে আছি।
দোস্তো বলিস না, এই শালা ট্রাফিক পুলিশ, শালারা দুই টাকারও ঘুষ খায়!
দোস্তো, তোদের ফ্লাটে কত খরচ পড়েছে? এই সব মিলে ৯৭ লাখ।
তোর বাবা তো ট্যাক্সে আছে, বেতন কত? চেহারা আবারও ছাই।

ওদিকে লায়লা তার বয়ফ্রেন্ডকে বলছে, কাবিন কিন্তু ৩০ লাখ টাকা হতে হবে। (বয়ফ্রেন্ড ২৮ হাজার টাকার বেতনের চাকুরি করে!+) না হলে আমার প্রেস্টিজ পাংকচার! ফেবুতে পোস্ট দিয়েছে, "যে ছেলে যৌতুক চায়, তাদের না বলুন!"

এদিকে মেয়ের জন্য বিয়ের প্রস্তাব এসেছে। ছেলে কলেজের টিচার, আরেকজন পিডাব্লিউতে চাকুরি করে। মেয়ের বাবা পরেরজনে মত দেয়ায় মেয়ে বলছে, " বাবা তোমার পছন্দ সেরা"!
এক আত্মীয়ের বাসায় গেলাম। সারা জীবন সততার বুলি আউড়িয়েছেন। মেয়ের জামাই চাকুরি করেন সিটি কর্পোরেশনে। খুব গর্ব করে বলছেন, তার মেয়ে ঘরের ফার্নিচার ৪/৫ বছর পরেই পালটায়। মেয়ে খুব সৌখিন। ৮০ লাখ টাকায় ফ্লাট কিনে আরও ৫০ লাখ টাকা খরচ করছে ইন্টেরিয়র কাজে!
জিজ্ঞেস করলাম, ভাইজান, জামাইয়ের বেতন কতো?
মুখটা আবার সেই পুলিশ অফিসারের মতো ছাই হয়ে গেলো।

আমরা এত নষ্ট হয়েছি, এত নষ্ট হয়েছি যে, আমাদের কোন লজ্জা নেই। ঘুষ আমার অধিকার, কিন্তু কন্ডাকটর ৫ টাকার ভাড়া ১০ টাকা চাইলে, "এগুলা মানুষ না। এই টাকা খাইয়া এরা কিছুই করতে পারে না। মানুষের টাকা মাইরা কিছুই করতে পারে না।" অথচ একটু আগেই মোবাইলে আলাপ করছিলো, একটা বেসরকারি ব্যাংকে চাকুরির জন্য ৯ লাখ আর ১০ লাখের ঘুষের আলাপ!!
কন্ডাকটর গলা কাটছে। গলা কাটছে শিক্ষিত দুর্বৃত্তরাও। শিক্ষিতদের গলাকাটা বড় নির্মম, দেশটাকে এফোঁড় ওফোঁড় করে দেয়।
কন্ডাকটররা একটা নিদারুণ সত্যি কথা বলে,
"আফনেরা যে কলমের খোঁচায় কুটি কুটি টাকা মাইরা খান, হেই হিসাব তো আমরা নেই না!"
কথা সত্যি এবং নিদারুণ সত্যি।

আজকে কিছু অসভ্য শ্রমিকদের দেখলাম অ্যাম্বুলেন্সেও কালি দিচ্ছে, আটকাচ্ছে।
সেই অ্যাম্বুলেন্স দেখে মনে পড়ে গেলো এর চেয়ে ভয়াবহ অসভ্য গোষ্ঠীর কথা। বিভিন্ন ঔষধ কোম্পানির দালালদের কথা, যারা অতি উচ্চ শিক্ষিত এবং যাদের পেছনে রাষ্ট্রের বিলিয়ন ডলার খরচ হয়। মেয়াদউত্তীর্ণ ঔষধ, আইসিইউতে রেখে গলা কাটার সেই সব অমানুষদের কথা।
মানুষ হয়তো আছে। সংখ্যাটা কম।

শেষ করি, দুটো উদাহরণ দিয়ে। দুটো চকচকে চেহারার কথা!
শরীয়তপুর নামে একটি জেলা আছে। যেখানকার লাখ দুই ছেলে ইটালি থাকে। সেই এলাকার কোন মেয়ের বিয়ের প্রস্তাব যদি ইটালির ছেলের হয়, খুশিতে সবার চেহারা চকচক করে (ছেলে বুড়া, ধুরা, বিয়াতো, দুই পোলার বাপ হইলেও সমস্যা নাই)। তবে এই মানুষগুলো খুব সাধারণ।
আর একটা চকচকে চেহারা আপনারা দেখবেন! যারা অসাধারণ!!

মেয়ের বিয়ে ঠিক হয়েছে।
তা কোথায় হলো, ছেলে কী করে?
যদি ঘুষের ডিপার্টমেন্টের হয়,
দেখবেন মেয়ের বাবা মা, ভাই বোন আর মেয়ের চেহারা খুশিতে কেমন চকচক করে!!

অথচ এই যে অরাজকতা, এই যে ভেজাল জিনিস, এই যে উচ্চমূল্য, এই যে গলাকাটা সেবা, এই যে পেনশনের টাকা তুলতে ফাইলের পেছনে দৌড়াতে দৌড়াতে জুতার তলা ক্ষয় হয়ে যাওয়া, এই যে পরীক্ষায় ভালো করলেও চাকুরি না হওয়া, এই সবের মূলে তো ওই যে যেখান থেকে বিয়ের প্রস্তাব এলে জিহবা চকচক করে, চেহারায় (নোংরা) খুশির ঢেউ উঠে, সেই দুর্নীতিবাজ শুওরদের কারণে।
বিখ্যাত এক অর্থনীতিবিদ বলেছিলেন, "শুওরের বাচ্চাদের অর্থনীতি"! এই শুওরের বাচ্চারা কারা?
এই লেখা পড়ে পরে যাদের চেহারায় চপেটাঘাত পড়বে, ছাই হয়ে যাবে, তারা।

[এই লেখাটি সোশ্যাল মিডিয়া এবং ইউটিউবে লেখা এবং ভিডিও আকারে বিপুল জনপ্রিয় হয়েছে। অনেক নতুন আবৃত্তিকার জনপ্রিয় হয়েছেন এই লেখাটি পাঠ করে। আসুন দুর্নীতির বিরুদ্ধে সবাই একতাবদ্ধ হই।]

**Engr. Khaza Nizam Uddin**
B.Sc. in CE (BUET), MPS (DU)
DU-UNFPA fellowship awarded
CEO – The English Car
MD – Logical Triangle
Web: www.teccareertalks.com

১০১) বিদেশের সাথে আমাদের যোগাযোগ বাড়ছে।
Our communication with foreign countries
is increasing in a faster rate.

১০২) ইন্টারনেট দিয়ে গ্রাম থেকেও সারা দুনিয়ায় যোগাযোগ করছে মানুষ।
People are communicating with foreigners even from villages.

১০৩) তবে যারা ইংরেজি পারছে, তারা লাভবান হচ্ছে।
Who knows English, they are getting more benefits.

১০৪) ফ্রি-ল্যান্সিং এর ভালো কাজ পেতে হলেও ইংরেজি জানা চাই।
English is essential to get
highly paid freelancing tasks.

১০৫) ব্যবসার ক্ষেত্রেও একই কথা।
It is true for business too.

১০৬)  তুমি আসলে কী করো?
What do you do actually?

১০৭)  তুমি কি আমাকে একটু হেল্প করতে পারো?
Can you please help me a little bit?

১০৮)  বলো কী ধরনের সাহায্য তুমি চাও?
Please tell me what sort of help do you want?

১০৯) আমি আমার সর্বোচ্চ চেষ্টা করবো।
I will try my best.

১১০) বিপদেই বন্ধুর পরিচয়।
A friend in need is a friend indeed.

১১১) চলো চা খাই।
Let's have a cup of tea.

১১২) তুমি কোনটা পছন্দ করো? চা না কফি?
Which one do you prefer? Tea or Coffee?

১১৩) তুমি কি কফি বানাতে পারো?
Can you make coffee?

১১৪) এখানে কাছাকাছি কি কোন কফি শপ আছে?
Is there any coffee shop nearby?

১১৫) মাত্র ১০০ ফিট সামনেই একটি কফি শপ আছে।
There is a coffee shop just 100 feet ahead.

১১৬) চলো আড্ডা মারি।
Let's gossip.

১১৭)  ঘুম থেকে তুমি কয়টায় উঠো?
When do you wake up?

১১৮) ঘুম থেকে উঠার পরে প্রথমে কী করো?
What do you do after waking up?

১১৯) বাচ্চাদের স্কুলে নিয়ে যাই।
I take my children to school.

১২০) সেখান থেকে অফিসে চলে যাই।
From there, I go to my office.

১২১) বাচ্চাদের স্কুল থেকে কে নিয়ে আসে?
Who brings back your children?

১২২) বাচ্চাদের মা নিয়ে আসে।
Their mother brings them back.

১২৩) পড়ালেখার খরচ অনেক বেড়ে গেছে।
Cost for study has been increased significantly.

১২৪)  ভালো শিক্ষক পাওয়া বেশ কঠিন হয়ে পড়ছে।
It is now very challenging to manage a good teacher.

১২৫) আজকাল মোবাইলসহ নানা ইলেকট্রনিক্স যন্ত্রে আসক্তি আসক্ত হয়ে পড়ছে।
Children are now becoming addicted to
different electronics devices including mobile.

১২৬) শুধুই কি বাচ্চারা?
Do you think only kids?

১২৭) অনেক বড়রাও নানাভাবে আসক্ত হয়ে পড়ছে।
Adults are becoming addicted to electronic devices.
Adults too.

১২৮) অনেকেই মাত্রারিক্তভাবে সোশ্যাল মিডিয়ায় আসক্ত।
Many are addicted to social media usage extremely.

১২৯) অনেকে শো-অফের অসুস্থায় আক্রান্ত।
Many are addicted to showing off.

১৩০)  সোশ্যাল মিডিয়া আমাদের সময় কেড়ে নিচ্ছে।
Social media engagement is taking
our precious time from our lives.

১৩১) শুধুই কি সময়?
Only time?

১৩২) নানা ধরনের সামাজিক অপরাধও বাড়ছে।
It's also fueling the social crimes.

১৩৩) নানা দুর্ঘটনার খবরও আমরা পাই।

Social media related crimes and incidents
are very common now a days.

১৩৪) এর অনেক ভালো দিকও আছে।
It has many good sides too.

১৩৫) এখন সবাই  সৌশল মিডিয়া ব্যবহার করে।
Now almost everyone has social media account.

১৩৬) এটা এখন বাস্তবতা।
It's now a reality.

১৩৭) আমাদেরকে এর সাথে খাপ খাওয়াতে হবে।
We have to adjust or cope up this changed situation.

১৩৮) আমাদের সতর্ক থাকতে হবে।
We have to remain careful.

১৩৯) এটা ভালো কাজে লাগানো যায়।
We can use it for good purpose.

১৪০) কোটি কোটি মানুষের আয়ের উৎসও হতে পারে এটি।
It can be a earning source
for millions of people.

১৪১) অনেকেই ভালো আয় করছে।
Many are earning a good amount of money.

১৪২) আমরা এটা শিক্ষার কাজেও ব্যবহার করতে পারি।
We can use it for education purpose.

১৪৩) অনেকে শিখতে পারে এখান থেকে।
Millions of people can learn from these platforms.

১৪৪) অনেকে শেখাতেও পারে।
Millions can teach also.

১৪৫) অবশ্য ভুল শেখার সম্ভাবনাও রয়েছে।
There is a chance of wrong learning.

১৪৬) আবার গুজব ছড়াতেও এটি কাজ করে।
Rumour spreads over social media very quickly.

১৪৭) আমরা সতর্ক হলে এটা এড়াতে পারি।

We can avoid it by becoming careful.

১৪৮) এখন অবশ্য আয়ের অনেক উৎস বেড়েছে।
There are so many ways of earning now a days.

১৪৯) অনেকে উদ্যোক্তা হচ্ছে।
Many are becoming entrepreneur.

১৫০) অনেকে অনেক ছোট ছোট ব্যবসা শুরু করেছে।
Many have started small business.

১৫১) ই-কমার্সের অনেক প্রসার ঘটেছে।
E-commerce is booming in our country.

১৫২) অবশ্য অনেকে প্রতারণাও করছে।
There are so many cases of forgery.

১৫৩) তারপরেও এটি বাড়ছে।
Even after that it is increasing.

১৫৪) এর অনেক সুবিধা আছে।
It has many benefits.

১৫৫) মানুষের সময় বাচাচ্ছে।
It's saving people's time.

১৫৬) দামটাও জানা যাচ্ছে।
Price is almost open here.

১৫৭) বাছাইয়ের অনেক সুযোগ আছে।
There are many options to choice your right product.

১৫৮) আবার ডিসকাউন্টের অনেক সুবিধা পাওয়া যায়।
Many often discounts offer are available.

১৫৯) এটা ক্রেতা বিক্রেতার সবার সুবিধা করে দিয়েছে।
It has created advantages both for buyers and sellers.

১৬০) যে কোন জায়গা থেকে কেনা যায়।
One can buy from anywhere.
১৬১) যে কোন জায়গা থেকে বিক্রি করা যায়।
One can sell from anywhere.

১৬২) টাকা লেনদেন এখন অনেক সহজ হয়েছে।

Money transfer has now become very easy.

১৬৩) সব সময়ে ব্যাংকের উপর নির্ভর করতে হচ্ছে না।
We don't need to depend on banks all time.

১৬৪) লেনদেন এত সহজ হলো কীভাবে?
How has this transaction become so easy?

১৬৫) বাংলাদেশে একটা মোবাইল ব্যাংকিং এর বিশাল প্রসার ঘটেছে।
Mobile banking actually is working behind this massive and easy transaction.

১৬৬) মানুষ খুব সহজেই কোন কিছুর জন্য পে করতে পারে।
People can pay the price very easily.

১৬৭) টাকা আদান প্রদান খুব সহজ হয়েছে।
Money sending and receiving both have become so easy.

১৬৮) এটি অর্থনীতিতে গতির সঞ্চার করেছে।
It is leveraging the faster growth of economy.

১৬৯) দেশের অনেক ক্ষুদ্র ব্যবসায়ী তৈরি হয়েছে।
So many small business men have been evolved.

১৭০) এত মানুষকে তো চাকরি দেয়া সম্ভব নয়।
It is not possible to provide jobs for everyone.

১৭১) আবার বেতনের টাকা কোথা থেকে আসে?
What are the sources of money for providing salary?

১৭২) সেই টাকা আসে ব্যবসা থেকেই।
That money comes from business.

১৭৩) একটা দেশের অর্থনীতির প্রাণ হলো ব্যবসা।
Business is the heart of the any country's economy.

১৭৪) উন্নত দেশ মানেই শিল্পোন্নত দেশ।
Developed country actually means industrially developed.

১৭৫) ব্যবসা বাড়লে দেশ উন্নত হয়।
A country progresses with the progress of business.

১৭৬) তরুণদের এখন ব্যবসার দিকে নজর দেয়া উচিত।
Young generation should focus on doing business.

১৭৭) ব্যবসায়ী ছাড়া দেশ আগাবে না।
A country cannot prosper without the rise of businessmen.

১৭৮) এখনা নানামুখী ব্যবসা করার সুযোগ আছে।
Now, there are many opportunities are
available for doing diversified business.

১৭৯) কী কী সুযোগ আছে?
What sorts of business opportunities are available?

১৮০) কৃষি থেকে শুরু করে সফটওয়ার তৈরি নানা ব্যবসার সুযোগ আছে।
From agriculture to software development there are many opportunities.

১৮১) আমি কোন ব্যবসাটা করতে পারি?
Which business can I start?

১৮২) এর উত্তর খুব সহজ নয়।
It's direct answer is not so easy.

১৮৩) আগে আপনাকে জানতে হবে।
I have to know you at first.

১৮৪) আপনার সক্ষমতা বা পছন্দ জানতে হবে।
I have to know your interests and skill levels.

১৮৫) প্রথমত আপনি যা জানেন না তা দিয়ে শুরু করবেন না।
At first, never start with something that you don't know at all.

১৮৬) যেগুলো সম্পর্কে ধারণা আছে তার মধ্যে থেকে শুরু করতে পারেন।
You can start from your known business ideas.

১৮৭) ছোট দিয়ে শুরু করা ভালো।
It is good to start with small.

১৮৮) পড়ালেখা যেমন শিখতে হয়, তেমনি ব্যবসাও শিখতে হয়।
Like learning reading and writing,
we also have to learn business.

১৮৯) এতে সময় লাগতে পারে।
It can take time.

১৯০) আপনাদের পরিবারের যদি কেউ ব্যবসা করে, তাহলে কিছুটা সহজ হয়।
If anyone within your family does business,
then it becomes slightly easier.

১৯১) আপনি যদি ব্যবসায়ী পরিবারের না হন, তাহলে আগে সময় নিয়ে শিখতে হবে।
If you are not from a business doing family,
then you have to learn many basics of business.

১৯২) একজন ব্যবসায়ীক গুরু থাকলে ভালো হয়।
It is better to have a business mentor.

১৯৩) তিনি আপনাকে পথ চেনাতে পারবেন।
That mentor will show you the path.

১৯৪) তিনি আপনাকে সঠিক পরামর্শ দিতে পারবেন।
He can guide you properly.

১৯৫) আমি কি আপনার সাথে কথা বলতে পারি?
Can I please talk with you?

১৯৬) নিশ্চয় বলতে পারেন।
Certainly.

১৯৭) তা কোন বিষয়ে কথা বলতে চান?
On what matter?

১৯৮) বিদেশে যাওয়া নিয়ে কিছু কথা বলতে চাচ্ছিলাম।
It’s about going abroad.

১৯৯) ছেলেটাকে বিদেশে পাঠাতে চাচ্ছি।
Trying to send the boy abroad.

২০০) আপনি তো আমাদের আর্থিক অবস্থা সম্পর্কে জানেন।
You know about the economic situation of our family.

২০১) ৩ ভাই আর দুই বোনের খরচ জোগানো খুব কঠিন হয়ে যাচ্ছে।
It is becoming harder to bear the expenses of 3 brothers and two sisters.

২০২) ওরা বড় হচ্ছে।
They are growing up.

২০৩) বড় দুইজন ঢাকায় পড়ে।
Two elders are studying in Dhaka.

২০৪) অনেক খরচ।
I have to expense a lot for them.

২০৫) এখন মেজো ছেলেতাকে বিদেশে পাঠানো ছাড়া উপায় দেখছি না।
Now I am not getting any alternatives
without sending the second son to abroad.

২০৬) আমার কাজিন ইটালিতে থাকে।
My cousin lives in Italy.

২০৭) সে বলছে সে ভিসার ব্যবস্থা করবে।
He has assured of visa.

২০৮) অনেক টাকা লাগবে।
It's a matter of huge money.

২০৯) তা কত টাকা চাইছে?
How much money has he demanded?

২১০) সে প্রায় ১৫ লাখ টাকা।
Around 15 Lakhs Taka.

২১১) এত টাকা!
Huge money!

২১২) সে বিষয়েই আপনার পরামর্শ দরকার।
I need your advice regarding this matter.

২১৩) এত টাকা যোগার করা আমার জন্য কঠিন।
It is tough for me to manage
this amount of huge money.

২১৪) তা সেখানে গিয়ে কী করবে?
What will your son do after going in Italy?

২১৫) আমার কাজিনের সাথে ব্যবসা করবে।
He will do business with my cousin.

২১৬) তোমার কাজিনের আয় রুজি কেমন?
How much your cousin earn there?

২১৭) সে ভালোই আছে।
He is doing well there.

২১৮) তাহলে চিন্তা করতে পারো।
Then you can think positively
to send your boy there.

২১৯) আমি হয়তো ৫ লাখের মতো ধার দিতে পারবো।
I can lend you around 5 lakhs.

২২০) আপনি ৫ লাখ দিলেই চলবো।
Those are enough for me.

২২১) আপনার কথায় চিন্তামুক্ত হলাম।
Your advice and support have freed me from tensions.

২২২) আল্লাহ আপনার সহায় হোন।
May Allah bless you.

২২৩) বাচ্চারা কেমন আছে?
How are your children doing?

২২৪) আলহামদুলিল্লাহ, ভালোই আছে।
Alhamdulillah, they are doing well.

২২৫) ভাবীসাব কেমন আছেন?
How is our sister in law?

২২৬) তিনি ভালোই আছেন।
She is also doing well.

২২৭) ডায়াবেটিসটা মাঝে মধ্যে একটু বাড়ে।
Diabetes sometimes creates tension.

২২৮) আপনারের পরিবারের সবাই কেমন আছে?
How are your family members?

২২৯) তারা সবাই ভালো আছে।
They all are living fine.

২৩০) বড় ছেলে আমেরিকা চলে গেছে।
Elder son has settled in USA.

২৩১) এখনকার ছেলেমেয়েরা দেশে থাকতে চায় না।
Young people of this generation
don't like to stay in this country.

২৩২) তারা সবাই বিদেশে সেটলড হতে চায়।
They all want to settle in abroad.

২৩৩)  হয়তো তার কারণও আছে।
There are logical reasons may be.

২৩৪) দেশ থেকে মেধা পাচার হয়ে যাচ্ছে।
Brain drain is ongoing.

২৩৫) ঘুষ, দুর্নীতির কারণে অনেকে এই দেশে থাকতে চায় না।
Many want to leave this country
due to massive corruptions and bribing
prevailing in the country.

২৩৬) আবার জব মার্কেটে ভালো ছেলেমেয়ে পাওয়া যায় না।
At the same time, well skilled people's
scarcity is another bitter truth.

২৩৭) সর্বত্র একটা অসামঞ্জ্য তৈরি হয়েছে।
There is inconsistency in everywhere.

২৩৮) একদিক বলছে চাকরি নাই, আবার বলছে লোক পাওয়া যায় না।
In one side, young people are not getting job;
in another side, the employers are complaining
about the skilled people's scarcity.

২৩৯) হাজার হাজার বিদেশী কিন্তু আবার এখানে উঁচু বেতনে চাকরি করে।
Thousands of expatriated workers
are working in Bangladesh with high salary.

২৪০)  ওদিকে প্রায় ১ কোটি তরুণ বিদেশে কাজ করছে।
At the same time, aound 10 million
young people are working in aboard.

২৪১) প্রধানত সেগুলো কষ্টকর কাজ।
Basically those are of very hard labour.

২৪২) আমার যে রেমিট্যান্স পাই তা খুবই কষ্টসাধ্য আয়।
The remittance we receive is very hard earned dollar.

২৪৩) প্রতি বছর প্রায় ২২ বিলিয়ন ডলার পাঠায়।
They send to Bangladesh around
22 billion dollars in every year.

২৪৪)  এই সলিড ২২ বিলিয়ন ডলার আমাদের অর্থনীতির মূলশক্তি।
This solid hard earned 22 billion dollars
is the backbone of national economy.

২৪৫) দক্ষ লোক পাঠাতে পারলে
আয় দ্বিগুণ তিনগুণ হয়ে যেতো।
If we could send skilled manpower,
it could be double or triple.

২৪৬) হয়তো সামনে অনেক স্কিলড লোক তৈরি হবে।
Hopefully, in coming days more
skilled people will be available.

২৪৭) আপনি কী করেন?
What do you do? What is your profession?

২৪৮) আমি সরকারি চাকরি করি।
I am a governmental service holder.

২৪৯) আমি একটি কর্পোরেটে ম্যানেজার হিসাবে আছি।
I am working as a manager in a corporate.

২৫০) আমি একজন গৃহবধু।
I am a homemaker.

২৫১) আমি বিদেশে থাকি।
I live in abroad.

২৫২) আমি একজন মার্সেন্ডাইজার।
I am working as a merchandised
in a buying house.

২৫৩) আমি কি আপনার বয়স জানতে পারি?
May I know your age?

২৫৪) আপনার দেশের বাড়ি কোথায়?
Where is your home district?

২৫৫) আমি সব্জি চাষ করি।
I cultivate vegetables.

২৫৬) আমার একটি কৃষি ফার্ম আছে।
I have an agro-farm.

২৫৭) আপনি কি বিরক্ত হচ্ছেন?
Are you feeling bored?

২৫৮) আরে না, আমি আপনার কথা ইনজয় করছি।
Not at all. I am enjoying your conversations.

২৫৯) আমরা কি কিছুক্ষণ ইংরেজি বলতে পারি?
Can we please continue our conversation
in English for a while?

২৬০) নিশ্চয়।
Certainly.

২৬১) দেশের অবস্থা কী বুঝতেছেন?
What can you assume about the
country’s present situation?

২৬২) আসলে দেশে মানুষ অনেক বেশি।
Population density is too high.

২৬৩) এই ছোট দেশে এত মানুষের কর্মসংস্থান করা কঠিন।
It is very difficult to accommodate
all people in job market for
this small county.

২৬৪) অর্থনীতি অনেক বড় হচ্ছে।
Size of the economy is growing.

২৬৫) তা অবশ্য সত্যি।
That’s true indeed.

২৬৬) অর্থনৈতিক কর্মকাণ্ড এখন অনেক বেশি চোখে পড়ছে।
Economical activities are now
more visible than ever.

২৬৭) এর ফলে অনেক সুযোগ তৈরি হচ্ছে সাধারণের জন্য।
For these growing economic activities,
many opportunities have been
created for the general people.

২৬৮) যেমন ধরুন যে গরুর খামার এখন একদম প্রান্তিক অঞ্চলে পৌঁছে গেছে।
Like cow farms are found almost in remotest areas of Bangladesh.

২৬৯) এভাবে নানাভাবে মানুষ আয় করার চেষ্টা করছে।
People are trying to earn in these ways.

২৭০) মানুষের খরচও কিন্তু বেড়েছে।

Life expenditure cost has also been increased.

২৭১) নানা কারণে জিনিসপত্রের দাম বাড়ছে দ্রুতগতিতে।
Price is increasing in sky rocketing pace.

২৭২) এত কম আয়ের মানুষের কষ্ট হচ্ছে।
Lower income people are suffering
due to this price increase of daily essentials.

২৭৩) আবার চিকিৎসার খরচও অনেক বেশি।
Medical expenses is too high.

২৭৪) অনেক মানুষ ভারতে চিকিৎসা নিতে যায়।
Many people are going to India
to take medical treatments.

২৭৫) এদিকে খাবারের ভেজাল আরেক সমস্যা।
যা সরাসরি মানুষের স্বাস্থ্যকে আঘাত করছে।
Adulterated food is another problem
that is affecting people’s health directly.

২৭৬) অনেক মানুষ স্বাস্থ্য সচেতন নয়।
There are so many people
who are not cautions about health.

২৭৭) সচেতন হলে রোগব্যাধী কিছুটা কমানো সম্ভব।
Awareness on health issues
can help us decreasing diseases.

২৭৮) খাবারে ভেজাল বন্ধ করা গেলে অনেক রোগ ব্যধী কমে যাবে।
If we can reduce adulteration in food,
then many diseases will start to decrease.

২৭৯) আয়ের একটা বড় অংশ চিকিৎসার পেছনে চলে যায়।
We spend a large part of our income
for treatment purposes.

২৮০) এ নিয়ে অনেক অভিযোগ আছে।
There are so many complaints regarding treatment issues.

২৮১) অনেক অভিযোগ করেন অতিরিক্ত টেস্ট দেয়া হয়।
Many patients complain that they are
forced to pay for many unnecessary tests.

২৮২) অবশ্য প্রয়োজনের তুলনায় ডাক্তার কম।
Number of doctors is much less than actually it should be.

২৮৩) আয়ের সাথে সুস্থতার একটা সম্পর্ক আছে।
There is a relation/correlation
between income and healthy life.

২৮৪) অসুস্থতা মানুষের আয় কমিয়ে দেয়।
Due to sickness, people's income decreases.

২৮৫) আপনি অনেক ভালো ইংরেজি বলেন।
You speak very high quality English.

২৮৬) আপনি কি একটু বিশ্রাম নিতে চান?
Do you want to take test for a while?

২৮৭) এখন একটু বিশ্রাম দরকার।
I need rest for now.

২৮৮) ঠিক আছে, আপনি বিশ্রাম নিন।
OK, you take rest.

২৮৯) পরে কথা হবে।
Talk to you later.

২৯০) জরুরি কিছু হলে আমাকে কল দিবেন।
If anything is urgent, please give me a call.

২৯১) আমি আপনার পাশে আছে।
I am beside you.

২৯২) সে অনেক কথা বলে।
He talks too much.

২৯৩) সে খুবই কম কথা বলে।
He talks less. He is very reticent.

২৯৪) বুঝলাম না হঠাত করে কী হলো।
I haven't understood,
what has happened suddenly.

২৯৫) বিষয়টা আপনাকে বুঝতে হবে।
You have to understand the matter.

২৯৬) আপনি কি সেখানে যাবেন?
Will you go there?

২৯৭) আমার সেখানে যাওয়া উচিত।
I should go there.

২৯৮) আমাকে যেতেই হবে।
I must have to go.

২৯৯) এটা আমার দায়িত্ব।
It is my responsibility.

৩০০) বিষয়টা সবার বুঝা উচিত।
All should understand the matter.

৩০১) বিষয়টা একটু জটিল।
The matter is slightly complex.

৩০২) একটা কিছু সিদ্ধান্ত নাও।
Take a decision.

৩০৩) আজকে শরীরটা ভালো লাগছে না।
I am not feeling good today.
I am under weather today.

৩০৪) বিষয়টা আমার উপর ছেড়ে দাও।
Let me handle the matter/issue.
Keep it upon me.

৩০৫) সে আমার ঘনিষ্ঠ বন্ধু।
He is my bosom friend.

৩০৬) সে আমার কথা রাখবে।
He will honor my words.

৩০৭) সে কথা কানে দেয় না।
He doesn’t pay heed.

৩০৮) আমার কথা মন দিয়ে শুনো।
Please listen to me with full concentration.

৩০৯) আমি তোমার কথা মন দিয়ে শুনছি।
I am with my all ears.

৩১০) ইংরেজি শেখা খুবই সহজ।
It is very easy to learn English.

৩১১) এ জন্য শোনার দক্ষতা দরকার।
Listening skills is essential to learn English.

৩১২) যাদের শোনার দক্ষতা ভালো তারা তাড়াতাড়ি শিখে।
Whose listening skills are good, they learn faster.

৩১৩) এখন ইংরেজি শেখা খুবই দরকার।
Now days, learning English is essential.

৩১৪) ভালো ক্যারিয়ারের জন্য অন্যান্য দক্ষতার সাথে ইংরেজিটা দরকার।
For building a better career,
English skills is necessary with other skills.

৩১৫) তুমি যেটা ভালো মনে করো, তা করো।
Do whatever you think right/correct/better.

৩১৬) সবাই ভুল করে।
All make mistakes.

৩১৭) আমিও ভুল করি।
I make mistakes also.

৩১৮) শিখতে গেলে ভুল হবেই।
It’s very natural to make mistakes
during learning phase.

৩১৯) ভালো যোগাযোগ দক্ষতাও দরকার।
Good level of communication skills is also essential.

৩২০) সাফল্যের চাবিকাঠি যোগাযোগ দক্ষতা।
Communication skills is the key to success.

৩২১) তোমার এখন যাওয়া ভালো।
You better go now.

৩২২) যাওয়ার সময় বলে যেও।
Please inform me when you leave.

৩২৩) আমার একটু তাড়া আছে।
I have urgency.

৩২৪) তাড়াতাড়ি ফিরতে হবে।
I have to return earlier.

৩২৫) তুমি কি কিছু বলতে চাও?
Do you want to say anything?

৩২৬) নির্ভয়ে শেয়ার করতে পারো।
Feel free to share.

৩২৭) ইতস্তত করার কিছু নেই।
There is nothing to hesitate.

৩২৮) বুঝার চেষ্টা করো, প্লিজ।
Please try to understand.

৩২৯) আমাকে ভুল বুঝো না।
Please don't misunderstand me.

৩৩০) আমি তোমার শুভাকাঙ্খী।
I am your well wisher.

৩৩১) সম্পর্ক ভালো রাখা ভালো।
Keeping relation good is good.

৩৩২) আমরা প্রায় শেষ পর্যায়ে আছি।
We are in end phase.

৩৩৩) এবার সাথে সাথে বলুন।
Now please repeat after me.